

অনিয়ম-দুর্নীতি

খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি মাহবুবুরসহ ১৫ জনের নামে মামলা

খুলনা ব্যুরো

দুর্নীতি ও অনিয়মের অভিযোগে খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. মাহবুবুর রহমানসহ ১৫ কর্মকর্তার বিরুদ্ধে দেওয়ানি মামলা দায়ের করেছেন নাগরিক ফোরামের চেয়ারপারসন শেখ আবদুল কাইয়ুম। গতকাল রোববার খুলনা জেলা ও দায়রা জজ আদালতে এ মামলা দায়ের করা হয়েছে। মামলায় দুর্নীতি ও অনিয়মসহ বিশ্ববিদ্যালয়ের নীতিমালা লঙ্ঘনের নানা অভিযোগ আনা হয়েছে। আদালত মামলাটি গ্রহণ করে পরবর্তী কার্যক্রমের নির্দেশ দিয়েছে।

মামলার অন্যান্য বিবাদী হচ্ছেন

বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক বান মো. আলিয়ার রহমান, উপ-পরিচালক শেখ মোস্তাফিজ মোস্তাক আলী, সহকারী পরিচালক জাবেদ এলাহী, সহকারী

পরিচালক মো. নাজিম উদ্দিন, সহকারী পরিচালক মো. রহমত আলী, জনসংযোগ দপ্তরের উপ-পরিচালক এসএম আতিয়ার রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক মো. নজরুল ইসলাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক শেখ শারাহাত আলী, উপ-পরিচালক মাহবুবুর জোবাহান, শারীরিক শিক্ষা ও চর্চা বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক মো. আফজালুর রহমান, প্রকৌশল দপ্তরের নির্বাহী প্রকৌশলী শেখ সাইফুল ইসলাম বাদশা, ইংরেজি ডিসিপ্রিনের প্রভাষক মো. শাহজাহান কবির ও আবদুর রহমান শাহীন ও সেকশন অফিসার নূরুল ইসলাম সিদ্দিকী লাভলু। বিবাদীগণের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের আর্থিক প্রতিস্থাপন, অর্থ-বেআইনী নিয়োগ, স্বজনপ্রীতি, ক্ষমতা অপব্যবহার এবং বেআইনীভাবে পদোন্নতি প্রদানের অভিযোগ আনা হয়েছে।